গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০৫৩.২৫.

তারিখ ঃ ০৪.০১.২০২৬ খ্রি.

## জলমহাল ইজারার জন্য অনলাইন আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি নং-০১

এতদ্বারা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথপুর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল/পুকুর জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে সরকার আরোপিত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/প্রকৃত জেলে/যুব সমিতির নিকট হতে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

০২. জলমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করা যাবে। বিজ্ঞপ্তিটি [illegible] ওয়েব সাইটে পাওয়া যাবে।

জগন্নাথপুর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল :

| ক্র/নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১. | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ২. | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩(তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ এ দাখিল। |

### ১৪৩৩-১৪৩৫ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ

| ক্র.নং | জলমহালের নাম | মৌজা | পরিমাণ (একরে) | অধিভূক্ত ইউনিয়ন/ পৌরসভার নাম | বিগত ৩ বছরে গড় ইজারা মূল্যের ৫% বর্ধিত হারে সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | কুরাইয়া বিল | গড়গাঁও | ২.১২ | - | ২৪,৮২৭/- | - |
| ২. | কৈয়া বিল | সাদিপুর | ২.১৪ | - | ৪,৮৬৩/- | - |
| ৩. | গোপাট বিল | কামড়াখাই | ৪.৭৬ | - | ২৯,৮০২/- | - |
| ৪. | চেপ্টিছড়া গুপ | সমসপুর | ১৭.০৯ | - | ৩,৬০৮/- | - |
| ৫. | জিলিকার বিল | উলুকান্দি, বুরমপুর, উলুচন্দ | ১৩.১০ | - | ৫৬,১৯০/- | - |
| ৬. | খোপাজানী বিল | হিলালপুর | ৬.৮৭ | - | ১৫,৫৩৫/- | - |
| ৭. | বাঘার খাল | করিমপুর, বাগজুর | ৬.২৮ | - | ৭,২৬৬/- | - |
| ৮. | বেরি বিল ও কাড়া | দিঘলবাগ (দক্ষিণ) | ১৬.১৬ | - | ৩,০৬৬/- | - |
| ৯. | বড়বিল মুরখালী | মৈষাখলাবাদে, কাদিপুর | ৩.৮৪ | - | ৫,৪২৮/- | - |
| ১০. | ভৈষা ও চাতল (মামলায় জড়িত) | বাসুদেবস্মরণ | ১৪.১৬ | - | ৬,৯৪৬/- | - |
| ১১. | মইচাপরী ও হিলিয়ার জাওর | আলমপুর | ২.৪৪ | - | ৬,৩২১/- | - |
| ১২. | হাবুয়া বিল | বাসমতিপুর | ৩.৮১ | - | ৭,৯৩৪/- | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৩. | কানবড়ালী বড়চাপড়া | বাসুদেবস্মরণ, খাগাউড়া | ১৯.৫৮ | - | ১৯,০০২/- | - |
| ১৪. | ফেরি বিল | দত্তভেকর | ১৪.২৮ | - | ৪২,৮২৮/- | - |
| ১৫. | উপজেলা পরিষদ সরকারী পুকুর | - | - | - | - | (বর্তমানে ভরাট) |
| ১৬. | পাটকুড়া বাজার সরকারি পুকুর | পাটকুড়া | ০.৬৩ | - | ২,৮১৮/- | - |
| ১৭. | বিলচর নাপ্তার বিল | চানপুরছক | ৩.৪১ | - | - | - |
| ১৮. | বিবিয়ানা নদীর ডুবি | দিঘলবাক | - | - | ২,৬৪৬/- | - |
| ১৯. | ডগাইজুড়ি গ্রুপ | কুবাজপুর, ইছগাঁও | ৪.০২ | - | ৩,৮৫৭/- | - |
| ২০. | পুটি বিল | - | - | - | - | - |
| ২১. | চেরাচেপ্টি চুনখাই | বাদেখাসিলা, সনুয়াখাই | ৫.৫৫ | - | ৫,৯৫৪/- | - |
| ২২. | চানকাড়ি বিল | হারগ্রাম | ০.৫৬ | - | ১,১৫৭/- | - |
| ২৩. | দাগুরজাই বিল | নলুয়া নয়াগাঁও | ৯.৮৯ | - | ৮,০৪৩/- | - |
| ২৪. | বড়বন্দের বিল ও আলতা বিল | বাদেখাসিলা | ২.০৯ | - | ১,৬৫৪/- | - |
| ২৫. | গাজির কুলের ডহর | গাজিরকুল | ১.৬৮ | - | ১,৩৭,৪৩১/- | - |
| ২৬. | জতইকোনা বিল | কুবাজপুর | ১১.৮০ | - | - | - |
| ২৭. | জুড়বিল পেলকুড়া | পাইলগাঁও | ৫.৫১ | - | - | - |
| ২৮. | মাঝের ডুবি | সুরতনপুর | - | - | - | - |
| ২৯. | হিলুচিয়া ও বাহির আলম | সুরতনপুর | ১.৪৩ | - | ৮৭,২৪৭/- | - |
| ৩০. | কামড়াখাই দিঘী | কামড়াখাই | ৫.৭৪ | - | ৬৫,৪১৪/- | - |
| ৩১. | লুকমা বিল | সাতা, মাকড়কোনা | ২.০৩ | - | ১৫,৫৪৬/- | - |
| ৩২. | কুড়ের খাল | - | - | - | ৪,৬৩১/- | - |
| ৩৩. | গোলমা নদী | - | | - | - | - |
| ৩৪. | গোতগাঁও সরকারী পুকুর | - | - | - | - | - |
| ৩৫. | চাতল বিল হঠার হাওড় | বাদেখাসিলা | ৪.৪৮ | - | ২,৪২৬/- | - |
| ৩৬. | চরালচেপ্টি বড়কান্দি | খানপুর | ৪.৯৬ | - | - | - |
| ৩৭. | চারুয়া বিল | - | - | - | - | - |
| ৩৮. | ছয়তাকোনা বড়বিল | মকরকোনা | ৩.৭৪ | - | - | - |
| ৩৯. | সাতকাড়া বিল | সাতা | ৭.৪০ | - | - | - |
| ৪০. | ওয়াছিমখালী | সাড়িকাইত, পাইলগাঁও | ৭.৯৬ | - | - | - |
| ৪১. | শেওড়ার খাল | ছোটশেওড়া | ৪.১১ | - | ৭১,৫৯২/- | - |
| ৪২. | গলাকাটা বিল | রমাপতিপুর | ৭.০৮ | - | ৯,৭২৫/- | - |
| ৪৩. | জালালপুরের ঢালা | খানপুর | ৪.৪০ | - | - | - |

**শর্তাবলী ঃ**

১. "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯" এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২. আবেদনপত্র ও অন্যান্য কাগজাদি নির্ধারিত তারিখের মধ্যে জামানতের মূলকপিসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর এ দাখিল করতে হবে।



CamScanner

৩. আবেদনের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যায়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা /রূপরেখা সংযুক্ত করতে হবে। অসম্পূর্ন আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। আবেদন ফরমের সকল তথ্য / অংক, স্পষ্টভাবে লিখতে হবে .কোন কাটাকাটি, ঘষামাঝা গ্রহন করা হবে না এবং এক্ষেত্রে আবেদন বাতিল বলে গন্য হবে।

৪. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যা সমাজসেবা/সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সে সমিতি নির্দিষ্ট তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা স্বাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি আবেদন করতে পারবে না।

৫. সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

৬. প্রকৃত মৎস্যজীবী যারা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশ গ্রহনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

৭. প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (পূর্ন ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের (পূর্ন ঠিকানাসহ) সংযুক্ত করে নির্দিষ্ট ফরমে আবেদন দাখিল করতে হবে।

৮. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। এ ছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমান স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্রসহ আবেদনের সাথে দাখিল করতে হবে এবং সাথে বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৯. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১০. বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত জামানতের টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির জামানত বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

১১. সময়মত লীজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য অনিয়মের কারনে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১২. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠির নিকট হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল করা হবে এবং জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৩. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১৪. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি কর্তৃক ১ম বছরের সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় আবেদনের সাথে সংযুক্ত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাজেয়াপ্ত করে পুনঃ ইজারার ব্যবস্থা গ্রহন করা হবে।

১৫. সম্পূর্ন ইজারা মূল্য পরিশোধের পর ইজারা গ্রহীতার নিজ দায়িত্বে নিজ ব্যয়ে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। ইজারা গ্রহীতা সমিতির গাফলাতির কারনে জলমহালের দখল প্রদানে বিলম্ব হলে এজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৬. ইজারা মূল্যের সাথে ইজারা মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% আয়কর ও ১৫% অর্থ ভ্যাট যথারীতি প্রদান করতে হবে।

১৭. ২য় বছরের সম্পূর্ন ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যুক্তিসংগতকারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।



CamScanner

১৮. আবেদন ফরম ব্যবহারের মেয়াদ কেবলমাত্র নির্দিষ্ট তারিখ অর্থাৎ যে তারিখের জন্য ক্রয় হবে সেই তারিখে এবং যে জলমহালের জন্য ক্রয় করা হবে শুধুমাত্র সে জলমহালের ক্ষেত্রে দাখিলের জন্য প্রযোজ্য হবে। নির্ধারিত তারিখের পূর্বে ক্রয়কৃত কোন আবেদন ফরম দাখিল করা হলে তা বাতিল বলে গন্য হবে। অর্থাৎ আবেদন ফরম ক্রয়ের পর আবেদন গ্রহনের কোন তারিখ অতিক্রান্ত হলে পরবর্তী কোন তারিখে এ আবেদন ফরমটি গ্রহনযোগ্য হবে না। উপরন্ত আবেদনের সাথে ব্যাংক ড্রাফ্ট বায়েজাপ্ত করা হবে।

১৯. বৎসরের যেকোন সময় ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা পহেলা বৈশাখ ১৪৩৩ বাংলা সন হতে কার্যকর হবে।

২০. অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। সরকার কর্তৃক সকল আদেশ-নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন।

২১. জলমহাল ইজারা নেয়ার পর কোন সমিতি/সংগঠন জলমহাল ভরাট, আয়তনের হ্রাস বৃদ্ধি বা অন্য কোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিন জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশ গ্রহণ করতে হবে।

২২. অসম্পূর্ন/অস্পষ্ট/ক্রটিপুর্ন/ঘষামাজা/কাটাকাটিযুক্ত আবেদন সরাসরি বাতিল বলে গন্য হবে। আবেদন ফরমে কোন প্রকার ফ্লুইড ব্যবহার করা যাবে না।

২৩. কোন জলমহালের উপর বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে ঐ জলমহালের উপর এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২৪. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে তথ্যাদি সঠিক মর্মে, বিবেচিত হবে।

২৫. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপি সহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/ পে অর্ডারের মূল কপি সীলমুখবন্ধ খামে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

২৬. জলমহাল ইজারা প্রাপ্তির পর কোন অবস্থাতেই কৃত্তিম উপায়ে (পানি সেচ, রাসায়নিক দ্রব্য প্রয়োগ ইত্যাদি) অবলম্বন করে মৎস্য আহরণ করা যাবে না। এরুপ কর্মকান্ড প্রমাণিত হলে বন্দোবস্ত বাতিল করা হবে।

২৭. ইজারামূল্য পরিশোধের সাথে সাথে অনুমোদিত আবেদনকারী সমিতি / সংগঠন স্ব উদ্যেগে ইজারা চুক্তি সম্পাদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহন করবেন। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহন করা যাবে না কিংবা কোন কর্তৃপক্ষ তা কোন আদালতে মামলা মোকদ্দমা করতে পারবে না। লিজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল প্রদান করা যাবে না।

২৮. ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারী আদেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয় নি, সেই আদেশের/ আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যেকোন আদেশ / নির্দেশ এবং বিধিবিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

২৯. জলমহালের কোন অংশে স্থায়ী/ অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারি কার্যবিধির ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষন আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।

৩০. লীজগ্রহিতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন। জলমহালে কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ / বে-আইনীভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।

৩১. জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩২. যেসব জলমহালে মূল্যে উল্লেখ নেই আবেদনকারীকে সেসব জলমহালের আবেদনের ক্ষেত্রে মূল্যে উল্লেখ করতে হবে।

৩৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৪.০১.২০২৬

(মোঃ বরকত উল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

ইমেইল :

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০৫৩.২৫.০৫ তারিখ ঃ ০৪.০১.২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য;

১. বিভাগীয় কমিশনার, সিলেট।

২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।



CS CamScanner

**অবগতি ও বহুল প্রচারের জন্য; (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

৩. উপজেলা নির্বাহী অফিসার---------------------------------------(সকল), সুনামগঞ্জ।
৪. সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫. প্রশাসক, জগন্নাথপুর পৌরসভা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. উপজেলা---------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৭. চেয়ারম্যান, ----------------------------ইউ/পি, (সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. জনাব-----------------------------------------, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ-সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস---------------------, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১০. জনাব ---------------------------------------------------------, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১১. সভাপতি/ সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব, জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
১২. সম্পাদক, ...................................... , উক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় সীমিত পরিসরে কেবলমাত্র ০১ (এক) টি সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. ওয়েব পোর্টাল, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১৪. অফিস কপি/নোটিশ বোর্ড/মাস্টার ফাইল।

০৪.০১.২৬
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।



CamScanner